

ক্র্যানবেরি

ক্র্যানবেরি নির্ধারিত

উপাদান

ক্র্যানবেরি ক্যাপসুলঃ প্রতি ক্যাপসুলে আছে ক্র্যানবেরি নির্ধারিত ৪০০ মিগ্রা।

ক্র্যানবেরি সিরাপঃ প্রতি ৫ মি. লি. সিরাপে আছে ক্র্যানবেরি নির্ধারিত ৩০০ মিগ্রা।

বিবরণঃ ক্র্যানবেরি (ভ্যাকসিনিয়াম ম্যাক্রোকারপন) হলো পলিফেনল যেমন ফ্ল্যাভোনয়েড এবং ফেনোলিক অ্যাসিড এর একটি স্বতন্ত্র উৎস যা মূত্রনালীর সংক্রমণের (ইউটিআই) বিরুদ্ধে কাজ করে, ইউটিআই বিশ্বব্যাপী সংক্রমণ সমূহের মধ্যে দ্বিতীয় সর্বচ্চ সংক্রমণ। ইউটিআই বিশেষভাবে সুস্থ মহিলাদের ক্ষেত্রে উল্লেখযোগ্য সমস্যা তৈরি করে, কারণ এর উচ্চ পুনঃসংক্রমণ হার এবং অ্যান্টিবায়োটিক প্রতিরোধী বৈশিষ্ট্য রয়েছে। ক্র্যানবেরি ভিটামিন সি সমৃদ্ধ, যা ইমিউন সিস্টেমকে শক্তিশালী রাখতে এবং সঠিকভাবে কাজ করতে সাহায্য করে। এটি অক্সিডেটিভ স্ট্রেসের বিরুদ্ধে লড়াই করে যা ক্ষতিকারক ব্যাকটেরিয়া মেরে ফেলতে সাহায্য করে।

কার্যকারিতা ও ব্যবহারঃ মূত্রনালীর পুনঃসংক্রমণ প্রতিরোধ, মূত্রনালীর সংক্রমণ, কিডনি পাথর।

সেবন মাত্রা ও সেবন বিধিঃ

ক্র্যানবেরি ক্যাপসুলঃ ১ টি করে ক্যাপসুল দৈনিক ২-৩ বার অথবা চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেব্য।

ক্র্যানবেরি সিরাপঃ ১ চামচ করে দিনে ২-৩ বার অথবা চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেব্য।

প্রতি নির্দেশনাঃ এসপিরিন এলার্জি, এন্ড্রোফিক গ্যাস্ট্রাইটিস, হাইপোক্লোরহাইড্রিয়া।

অন্য ঔষধের সাথে ক্রিয়াঃ ওয়ারফারিন, ডায়াজেপাম, অ্যাসপিরিন, ডাইক্লোফেনাকের সাথে আন্তঃক্রিয়া হতে পারে।

পার্শ্ব-প্রতিক্রিয়াঃ নির্দেশিত মাত্রায় ক্র্যানবেরি শরীরের জন্য সহনীয়। উচ্চ মাত্রার সেবনে মাঝে মাঝে ডায়রিয়া বা হালকা পাকস্থলীর বিপর্যয় ঘটতে পারে।

গর্ভাবস্থায় ও স্তন্যদানকালেঃ গর্ভাবস্থায় ও স্তন্যদানকালে ব্যবহারের ক্ষেত্রে কোন সীমাবদ্ধতা জানা যায়নি।

সংরক্ষণঃ আলো থেকে দূরে, ঠান্ডা ও শুষ্ক স্থানে রাখুন। শিশুদের নাগালের বাইরে রাখুন।

পরিবেশনা

ক্র্যানবেরি ক্যাপসুলঃ প্রতিটি বক্সে ৬x৫ টি ক্যাপসুল আছে এ্যালু-এ্যালু ব্রিস্টার প্যাকে।

ক্র্যানবেরি সিরাপঃ প্রতিটি অ্যাম্বার পিইটি বোতলে রয়েছে ১০০ মি.লি. সিরাপ।



দি ইবনে সিনা ন্যাচারাল মেডিসিন লিঃ (হারবাল বিভাগ)
সফিপুর, গাজীপুর, বাংলাদেশ।